কানাইঘাটে আইন-শৃঙ্খলা কমিটির সভা, এক মাসে ৫ কোটি টাকার ভারতীয় মালামাল আটক

কানাইঘাট প্রতিনিধি: কানাইঘাট উপজেলা আইন-শৃঙ্খলা ও চোরাচালান প্রতিরোধ বিষয়ক কমিটির মাসিক সভা আজ সোমবার সকাল ১১টায় উপজেলা সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়।
উপজেলা নির্বাহী কর্মকর্তা সুমন্ত ব্যানার্জির সভাপতিত্বে আইন শৃঙ্খলা কমিটির সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, কমিটির উপদেষ্টা উপজেলা পরিষদের চেয়ারম্যান আব্দুল মুমিন চৌধুরী।
সভায় সম্প্রতি সময়ে কানাইঘাটের সীমান্ত এলাকা দিয়ে চোরাচালান কর্মকান্ড বেড়ে যাওয়ায় তা কঠোরভাবে প্রতিরোধ করার জন্য উপজেলা চেয়ারম্যান মুমিন চৌধুরী ও নির্বাহী কর্মকর্তা সুমন্ত ব্যানার্জি কানাইঘাট থানা পুলিশ ও বিজিবি ক্যাম্পের কর্মকর্তাদের নির্দেশনা দেন। এছাড়া উপজেলার সার্বিক আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে এবং সব ধরনের মাদকের আগ্রাসন প্রতিরোধ ও অপরাধ দমনে থানা পুলিশকে সহায়তা করার জন্য সবার প্রতি আহ্বান জানানো হয়। কমিটির সভায় সীমান্ত এলাকা দিয়ে ভারত থেকে অবৈধভাবে আসা মাদকদ্রব্য, পাতার বিড়ি, গবাদি পশু, চা-পাতা, ইয়াবা, মোবাইলসেট, কসমেটিক্স, ফুডস্ সামগ্রী সহ অন্যান্য মালামাল যাতে করে চোরাকারবারীরা নিয়ে আসতে না পারে এবং বাংলাদেশ থেকে যে কোন ধরনের পণ্যসামগ্রী ভারতে পাচার বন্ধে বিজিবি সদস্যদের নিষ্ঠার সাথে কাজ করার জন্য আহ্বান জানানো হয়। চোরাচালান প্রতিরোধে নিয়মিত টাস্কফোর্সের অভিযান শুরু হবে বলে নির্বাহী কর্মকর্তা জানান।
সভায় বিগত মাসের আইন শৃঙ্খলা পরিস্থিতি তুলে ধরে থানার সেকেন্ড অফিসার সোহেল মাহমুদ বলেন, উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। বিগত মাসে নিয়মিত ২৩টি মামলা বিভিন্ন অপরাধে মামলা দায়ের করা হয়েছে। আরো ২৩টি মামলা নিষ্পত্তি করা হয়েছে।
সুরইঘাট বিজিবি ও আটগ্রাম বিজিবি ক্যাম্পের দায়িত্বপ্রাপ্ত কোম্পানী কমান্ডার জানান, সীমান্ত এলাকায় চোরাচালান প্রতিরোধে ৫টি বিজিবি ক্যাম্পের সদস্যরা নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করে যা”◌েছন। তারপরও চোরাকারবারীরা দুর্গম সীমান্ত এলাকা দিয়ে ভারত

থেকে বি”◌িছহ্ন ভাবে গবাদি পশু সহ অন্যান্য মালামাল নিয়ে আসে। অনেক সময় চোরাকারবারীরা বিজিবির উপরও চড়াও হয়ে থাকে। বিগত মাসে ৫টি বিজিবি ক্যাম্পের সদস্যরা সবমিলিয়ে ৫ কোটি ২০ লক্ষ টাকার ভারতীয় মালামাল আটক করেছে। তার মধ্যে ভারতীয় মহিষ, নাসির বিড়ি, মাদকদ্রব্য সহ অন্যান্য মালামাল রয়েছে। সীমান্ত এলাকায় দায়িত্ব পালন করতে বিজিবিকে সহযোগিতা করার জন্য তারা আহ্বান জানান। মাসিক আইন শৃঙ্খলা ও চোরাচালান প্রতিরোধ কমিটির সভায় উপস্থিত থেকে বিভিন্ন মতামত তুলে ধরে বক্তব্য রাখেন, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান খাদিজা বেগম, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) মুনমুন নাহার আশা, উপজেলা কৃষি কর্মকর্তা এমদাদুল হক, উপজেলা প্রকৌশলী আবু হানিফা, লক্ষীপ্রসাদ পশ্চিম ইউপি চেয়ারম্যান মাও. জামাল উদ্দিন, দিঘীরপাড় পূর্ব ইউপি চেয়ারম্যান আব্দুল মুমিন চৌধুরী, সাতবাঁক ইউপি চেয়ারম্যান আবু তায়্যিব শামীম, বড়চতুল ইউপি চেয়ারম্যান আব্দুল মালিক চৌধুরী, সদর ইউপি চেয়ারম্যান প্রভাষক আফসর উদ্দিন আহমেদ চৌধুরী, দক্ষিণ বাণীগ্রাম ইউপি চেয়ারম্যান মাস্টার লোকমান উদ্দিন, কানাইঘাট প্রেসক্লাবের সাধারণ সম্পাদক নিজাম উদ্দিন সহ আইন শৃঙ্খলা কমিটির সদস্যরা।